



হাদি হত্যাকাণ্ডের নিরপেক্ষ তদন্ত এবং শান্তি বজায় রাখার আহ্বান জাতিসংঘের



সংগৃহীত ছবি

জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার ভলকার তুর্ক, বাংলাদেশের বিপ্লবী নেতা ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদি হত্যাকাণ্ডে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বাংলাদেশের সরকারকে দ্রুত, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্ত করার আহ্বান জানিয়েছেন এবং সহিংসতার বিরুদ্ধে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার গুরুত্ব জোর দিয়েছেন।

গুরুবার (১৯ ডিসেম্বর) এক বিবৃতিতে তুর্ক বলেন, “এটি অত্যন্ত দুঃখজনক এবং মানবাধিকারের প্রতি ভয়ানক আঘাত।” গত সপ্তাহে সন্ত্রাসীদের গুলিতে আহত হয়ে, হাদি সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার রাতে মৃত্যুবরণ করেন। জাতিসংঘের মানবাধিকার প্রধান এই ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সরকারকে দ্রুত, নিরপেক্ষ, পুঙ্খানুপুঙ্খ ও স্বচ্ছ তদন্ত করার আহ্বান জানান। তুর্ক বলেন, “এই হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে তদন্তে পূর্ণ স্বচ্ছতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।”

বিবৃতিতে তুর্ক আরও বলেন, সহিংসতা থেকে বিরত থাকার জন্য সবার কাছে শান্ত থাকার আবেদন জানিয়েছেন, কারণ প্রতিশোধের পথে হাঁটলে সমাজে বিভাজন আরও বাড়বে এবং মানুষের মৌলিক অধিকার ক্ষুণ্ণ হবে। তিনি জোর দিয়ে বলেন, “যথাযথ তদন্ত এবং আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে দায়ীরা শাস্তি পায়।”

জাতিসংঘের মানবাধিকার প্রধান আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগে বাংলাদেশ সরকারকে জননিরাপত্তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ নিতে তাগিদ দেন। তুর্ক বলেন, “ফেব্রুয়ারির নির্বাচনের আগে রাজনৈতিক নেতাদের এবং জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। সহিংসতা প্রতিরোধ এবং শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।”

শরিফ ওসমান হাদি, যিনি ছাত্র আন্দোলনের একজন বিশিষ্ট নেতা ছিলেন, সন্ত্রাসীদের গুলিতে গুরুতর আহত হয়ে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় গতকাল (১৮ ডিসেম্বর) রাত ৯টা ৪৫ মিনিটে মারা যান (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। তার মৃত্যুতে বাংলাদেশের রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে।